

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৫৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০১৩] ১৫. কিতাবুল ইস্তিসকা (বৃষ্টি প্রার্থনা) (১৯৯১ সিরচ্ছেদঃ জামে মসজিদে বৃষ্টির জন্য দুআ করা

باب الإسْتِسْقَاءِ فِي الْمَسْجِدِ الْجَامِعِ

আরবী

الله عَديْثُ أَنسٍ فِي الرَّجُلِ الَّذِيْ دَخَلَ الْمَسْجِدَ، وَالنَّبِيُّ قَائِمٌ يَخْطُبُ، فَسَأَلَهُ الدُّعَاءَ بِالْغَيْثِ تَكَرَّرَ كَثِيْراً، وَفِيْ هذِهِ الرِّوَايَةِ: فَمَا رَأَيْنَا الشَّمْسَ سِتَّا، ثُمَّ دَخَلَ رَجُلٌ مِنْ ذَلِكَ الْبَابِ فِي الْجُمُعَةِ الْمُقْبِلَةِ، وَرَسُولُ اللَّهِ قَائِمٌ يَخْطُبُ، فَاسْتَقْبَلَهُ قَائِمًا، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، هَلَكَتِ الأَمْوَالُ، وَانْقَطَعَتِ السُّبُلُ، فَادْعُ اللَّهَ يُمْسِكُهَا عَنَّا، قَالَ: فَرَفَعَ رَسُولُ اللَّهِ يَديْهِ، ثُمَّ قَالَ اللَّهُمَّ حَوَالَيْنَا وَلا عَلَيْنَا، اللَّهُمَّ عَلَى الآكَامِ وَالظِّرَابِ وَبُطُونِ الأَوْدِيَةِ وَمَنَابِتِ يَديْهِ، ثُمَّ قَالَ: فَأَقْلَعَتْ، وَخَرَجْنَا نَمْشِي فِي الشَّمْسِ

বাংলা

৫৪৪) জুমআর দিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন দাঁড়িয়ে খুতবা দিচ্ছিলেন তখন একজন লোক মসজিদে প্রবেশ করা এবং তাঁর কাছে বৃষ্টির জন্য দুআ করার আবেদন সংক্রান্ত হাদীছটি একাধিকবার অতিক্রান্ত হয়েছে। এই বর্ণনায় শুধু এতটুকু অতিরিক্ত হয়েছে যে, এক সপ্তাহ পর্যন্ত আমরা সূর্য দেখতে পাইনি। অতঃপর পরের জুমআয় একই দরজা দিয়ে একজন লোক মসজিদে প্রবেশ করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন দাঁড়িয়ে খুতবা দিচ্ছিলেন। সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মুখোমখি হয়ে দাঁড়িয়ে বললঃ হে আল্লাহর রাসূল! সম্পদ নষ্ট হয়ে যাচ্ছে। রাস্তা-ঘাট বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। আপনি আল্লাহর কাছে দু'আ করুন তিনি যেন বৃষ্টি বন্ধ করে দেন। আনাস (রাঃ) বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখনই উভয় হাত উঠিয়ে বললেনঃ ঐ ঐ ঐ ঐ ঐ ঐ ঐ আলাহ! আমাদের পার্শ্ববর্তী এলাকায় বৃষ্টি বর্ষণ করুন, আমাদের উপরে নয়। হে আল্লাহ! টিলা পাহাড়, ময়দান, উপত্যকা এবং গাছপালা উৎপন্ন হওয়ার স্থানে বর্ষণ করুন। আনাস বলেনঃ তখন বৃষ্টি বন্ধ হয়ে গেল। আমরা রৌদ্রে চলাফেরা করতে লাগলাম।

English

Istisqa' in the main mosque (of the town)



Anas further said, "By Allah! We could not see the sun for a week. Next Friday a person entered through the same gate and at that time Allah's Messenger (**) was delivering the Friday's Khutba. The man stood in front of him and said, 'O Allah's Messenger (**)! The livestock are dying and the roads are cut off, please pray to Allah to withhold rain.' " Anas added, "Allah's Messenger (**) I raised both his hands and said, 'O Allah! Round about us and not on us. O Allah! On the plateaus, on the mountains, on the hills, in the valleys and on the places where trees grow.' So the rain stopped and we came out walking in the sun."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন